



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আইকিউএসির আয়োজনে প্রশিক্ষন কর্মশালা শুরু

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১২ এপ্রিল ২০২২।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে শুরু হয়েছে দুই দিনব্যাপী প্রশিক্ষন কর্মশালা। ১২ এপ্রিল ২০২২ তারিখ সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে “ Outcome Based Education (OBE) Curriculum Template” বা “ ফলাফল ভিত্তিক শিক্ষা কারিকুলাম ট্যাম্পলেট” বিষয়ের উপর এই কর্মশালার আয়োজন করা হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীনের সভাপতিত্বে কর্মশালায় রিসোর্স পার্সন ছিলেন চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির পরিচালক ও সিএসই বিভাগের অধ্যাপক ড. আসাদুজ্জামান। দুই দিনব্যাপী আয়োজিত এ প্রশিক্ষন কর্মশালায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২৪টি বিভাগের ৪২ জন সিনিয়র শিক্ষক প্রশিক্ষন গ্রহণ করবেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ববির আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. রহিমা নাসরিন। কর্মশালাটি আগামী ১৩ এপ্রিল ২০২২ তারিখ শেষ হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস